

Class -VIII
Subject -Bengali
HOT Questions
Ch : সাগর সঙ্গমে

১. 'কেনারায় পড় ! কেনারায় পড়া!' ----কথাগুলির অর্থ কী? কেনারায় পড়লেই কী সমস্ত উৎকর্ষা ও উদ্বিগ্নের অবসান হত? তোমার মতামত ব্যক্ত করো। বাস্তবে এমন পরিস্থিতির মুখোমুখি হলে তুমি কি বলবে?

২. 'মহাশয় যাহা জগদীশ্বরের হাত, তাহা পণ্ডিতে
বলিতে পারে না ----ও মূর্খ কি প্রকারে বলিবে?'
জগদীশ্বর ও মূর্খও বলতে এখানে কাদের কথা
বলা হয়েছে? তুমিও কি তাকে প্রকৃতপক্ষে
মূর্খ বলেই মনে করো? কেন ?

৩. 'নিঃশব্দে দুর্গা নাম জপ করার কারণ কী? কারা এ কাজ করছিল?
'নিঃশব্দে' শব্দটি লেখক কেন ব্যবহার করেছেন?
উক্ত ব্যক্তিদের মত মানুষজন আমাদের সমাজে এখনও দেখতে পাওয়া যায় কী ? কিভাবে আমরা তাদের চিনতে পারি?

৪. 'আহা কি দেখিলাম ! জন্ম জন্মান্তরেও ভুলিব না!
উক্তিটি বক্তার কোন ধরনের অভিব্যক্তি প্রকাশ ?
তার কোন মানসিকতার পরিচয় আমরা পাই?
তুমি কি এমন প্রাকৃতিক দৃশ্যের সম্মুখীন হয়েছে কখনো? সমুদ্র, পাহাড়, না জঙ্গল ? কোনটি দেখবার সাধ হয়েছে তোমার মনে?

৫. গঙ্গাসাগরে সন্তান বিসর্জন দেওয়ার প্রথা
বন্ধ হলেও এমন নানাবিধ কুপ্রথা আমাদের
সমাজে এখনও বিদ্যমান । তোমরা অর্থাৎ
ছাত্রসমাজ কিভাবে এইসব প্রথার বিরুদ্ধে
প্রতিবাদ করতে পারো ?